"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪০.২৭.৫২৩.২১.৪৬ তারিখ : ০৯/০২/২০২৩ খ্রিঃ

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ নুর ইসলাম মিয়া, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ (বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-, গ্রেড-২০) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২০২১ সনের ০২/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার যথাক্রমে একাদশ ও দ্বাদশ শ্রেণীর পদার্থ বিজ্ঞান-১ বিষয়ের ৯৬ (ছিয়ানব্বই) টি এবং পদার্থ বিজ্ঞান-২ বিষয়ের ৯৩ (তিরানব্বই)টি সহ মোট ১৮৯ (একশত উননব্বই) টি উত্তরপত্রের সিলগালাকৃত ২টি প্যাকেট মোটরসাইকেলযোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রেরণের নিমিত্ত পরীক্ষার কেন্দ্র হতে স্থানীয় পোষ্ট অফিসে নিয়ে যাওয়ার সময় রাস্তায় হারিয়ে ফেলেন; এবং

যেহেতু, উক্ত ঘটনা সরেজমিনে তদন্ত করার জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক ০২ ডিসেম্বর, ২০২১ তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক-কে আহবায়ক করে ০৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটি ০৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করে ০৯ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উক্ত ১৮৯ (একশত উননব্বই)টি উত্তরপত্রের সিলগালাকৃত ২টি প্যাকেট মোটরসাইকেলযোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রেরণের নিমিত্ত পরীক্ষার কেন্দ্র হতে স্থানীয় পোষ্ট অফিসে নিয়ে যাওয়ার সময় রাস্তায় হারিয়ে ফেলার ঘটনায় জনাব মোঃ নুর ইসলাম মিয়া এর চরম দায়িত্বহীনতা ও কর্তব্যে অবহেলার প্রমাণ পাওয়া যায়; এবং

যেহেতু, এ বিষয়ে তিনি নিজে ১৮৯ (একশত উননব্বই)টি উত্তরপত্রের সিলগালাকৃত ২টি প্যাকেট মোটরসাইকেলযোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রেরণের নিমিত্ত পরীক্ষার কেন্দ্র হতে স্থানীয় পোষ্ট অফিসে নিয়ে যাওয়ার সময় রাস্তায় হারিয়ে ফেলার ঘটনায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বমহলে নেতিবাচক প্রভাব ফেলে এবং প্রতিষ্ঠানের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হয়; এবং

যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর দায়ে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৫/০১/২০২২ খ্রিঃ তারিখের ৫৮ নম্বর স্মারকে 'অভিযোগনামা' ও ৫৯ নম্বর স্মারকে 'অভিযোগ বিবরণী' জারির মাধ্যমে তাকে বর্ণিত বিধিমালার ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর দায়ে কেন দন্ড প্রদান করা হবে না তার কারণ দর্শাতে বলা হয়; এবং

যেহেতু, তিনি ০৬/০২/২০২২ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে ২৭/০৭/২০২২ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীতে তিনি ক্ষমা প্রার্থনা করেন; এবং

যেহেতু, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের তদন্ত প্রতিবেদন, অভিযোগ, কারিগরি শিক্ষা অধিদপ্তরের 'অভিযোগ বিবরণী' এবং অভিযুক্তের লিখিত বক্তব্যসহ পারিপার্শ্বিক অবস্থা ও আনুষঙ্গিক সমুদয় কাগজপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় তাকে 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুযায়ী **"০১ বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতম ধাপে অবনমিতকরণ"** নামীয় লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়,

চলমান পাতা-০২

সেহেতু, অভিযুক্ত জনাব মোঃ নুর ইসলাম মিয়া, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত), গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীত ও যুক্তিযুক্তভাবে প্রমাণিত হওয়ায় গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাকে "০১ বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতম ধাপে অবনমিতকরণ" নামীয় লঘুদন্ড প্রদান করা হলো। দন্ডের মেয়াদকালে তিনি জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-২০ (৮২৫০-২০০১০) এর নিম্নতম স্তরে (মূল বেতন ৮২৫০/- টাকা) বেতন প্রাপ্য হবেন। তবে দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৮২৫০-২০০১০ টাকার স্কেলে (গ্রেড-২০) বর্তমানে প্রাপ্ত বেতন (মূল বেতন ১৪৯০০/- টাকা) এ প্রত্যাবর্তন করবেন। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না। তার সাময়িক বরখাস্তের আদেশটি ০৯/০২/২০২৩ খ্রিঃ তারিখ হতে প্রত্যাহার করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৯/০২/২০২৩
(ড. মোঃ ওমর ফারুক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪০.২৭.৫২৩.২১.৪৬(৯) তারিখ : ০৯/০২/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) পরিচালক (পিআইডব্লিউ/ পরিকল্পনা ও উন্নয়ন/ পিআইইউ/ প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) অধ্যক্ষ, গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ।
৩) চীফ অ্যাকাউন্টস্ অ্যান্ড ফাইন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৪) সহকারী পরিচালক-১/২/৩/৪/৫/৬/৭/৮/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫) সহকারী পরিচালক-৯, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব মোঃ নুর ইসলাম মিয়া এর ব্যক্তিগত নথিতে/ ডোসিয়ারে অফিস আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
৬) ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, গোপালগঞ্জ।
৭) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (অফিস আদেশটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮) জনাব মোঃ নুর ইসলাম মিয়া, অফিস সহায়ক, গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ।
৯) সংশ্লিষ্ট নথি।

০৯/০২/২০২৩
( মহিউদ্দিন আহাম্মদ )
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।